

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
শাখা-১ (ফিল্ম)



১৬-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের (জুলাই/২০২১-সেপ্টেম্বর/২০২১) সভার কার্যবিবরণী:

সভাপতি	মো. জসীম উদ্দিন ভাইস চেয়ারম্যান
সভার তারিখ	১৬-০৮-২০২১
সভার সময়	দুপুর ১২.০০টা
স্থান	দাপ্তরিক সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের (জুলাই/২০২১-সেপ্টেম্বর/২০২১) সভা ১৬-০৮-২০২১ তারিখ দুপুর ১২:০০ টায় ভাইস চেয়ারম্যান জনাব মো: জসীম উদ্দিন-এর সভাপতিত্বে দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

সভাপতি মহোদয় ১৯৭৫ সালের ১৫ আগস্ট তারিখে ঘাতকের হাতে নির্মমভাবে শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের নিহত সকল সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা এবং আল্লার মাগফেরাত কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১) নৈতিকতা কমিটির সভা এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভায় জানানো হয়, ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী মোট ০৪ (চার) টি সভা আয়োজন করতে হবে। সভায় নৈতিকতা কমিটির ১০০% সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(১) নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। (২) নৈতিকতা কমিটির ১০০% সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(২) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয়, উল্লিখিত বিষয়ে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রত্যেক প্রান্তিকে ০১টি করে মোট ০৪টি সভা আয়োজন করতে হবে।	সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে ১ম প্রান্তিকের সভা আয়োজন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(৩) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	সভায় জানানো হয়, ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	কর্মপরিকল্পনা অনুযায়ী নির্দিষ্ট সংখ্যক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩

(৪) কর্মপরিবেশ উন্নয়ন/স্বাস্থ্যবিধি অনুসরণ	দাপ্তরিক উন্নত কর্মপরিবেশ নিশ্চিত করা এবং কোভিড-১৯ প্রতিরোধে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি মহোদয় কর্মপরিবেশ উন্নয়নে এবং স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা প্রদান করেন এবং কোভিড-১৯ সুরক্ষার জন্য প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী ক্রয় করার বিষয়ে গুরুত্বারোপ করেন।	(১) কোভিড-১৯ সুরক্ষায় প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী ক্রয় করতে হবে। (২) কর্মপরিবেশ উন্নয়ন/স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে। (৩) কোভিড-১৯ বিষয়ে সচেতনতামূলক ফেস্টুন তৈরি করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(৫) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয়, দপ্তরের চলতি অর্থবছরের কর্মপরিকল্পনা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং দাপ্তরিক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	নির্ধারিত সময়ে প্রমাণকসহ ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৫
(৬) ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	সভায় এ দপ্তরের ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয়, চলতি অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল ক্রয় কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পাদন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	(১) ক্রয় পরিকল্পনা দাপ্তরিক ওয়েবসাইটে আপলোড করতে হবে। (২) নির্ধারিত সময়ে সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-২ ও চলচ্চিত্র পরিদর্শক-৫
(৭) দাপ্তরিক আঞ্জিনায় স্থাপিত অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	সেবাগ্রহীতাদের নিকট থেকে দাপ্তরিক আঞ্জিনায় স্থাপিত অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয়, প্রতি মাসে অনলাইন এবং অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করা হয় এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	সেবাগ্রহীতাদের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ দূত এবং যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-১
(৮) শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ে অংশীজন এবং এ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে কর্মশালা ও সেমিনার আয়োজন	সভায় ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ে অংশীজন এবং এ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে কর্মশালা ও সেমিনার আয়োজন নিয়ে আলোচনা করা হয়। উল্লিখিত কর্মসূচী বাস্তবায়নে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	দ্বিতীয় এবং তৃতীয় প্রান্তিকে শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ে অংশীজন এবং এ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ০২টি কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(৯) শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ে ফেস্টুন তৈরি এবং দৃশ্যমান স্থানে স্থাপন	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর ফেস্টুন তৈরি করে দৃশ্যমান স্থানে স্থাপন নিয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি মহোদয় দাপ্তরিক আঞ্জিনা এবং আশেপাশের উপযুক্ত স্থানে ফেস্টুন স্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	ফেস্টুন তৈরি করে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩

সভায় অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো. জসীম উদ্দিন
ভাইস চেয়ারম্যান

স্মারক নম্বর: ১৫.৫৯.০০০০.০০৪.২৭.০০১.২১.১৩২


তারিখ: ৮ ভাদ্র ১৪২৮

২৩ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
- ২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৪ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
- ৩) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
- ৪) ফিল্ম ইন্সপেক্টর-১, শাখা-১ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
- ৫) ফিল্ম ইন্সপেক্টর-২, শাখা-১ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
- ৬) ফিল্ম ইন্সপেক্টর-৩, শাখা-১ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
- ৭) ফিল্ম ইন্সপেক্টর-৪, শাখা-৩ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
- ৮) ফিল্ম ইন্সপেক্টর-৫, শাখা-৩ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
- ৯) ফিল্ম ইন্সপেক্টর-৬, শাখা-৩ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড



মো. মমিনুল হক
সচিব